

দক্ষিণ কোরিয়ায় কৃষি খাতে মৌসুমী কর্মী (নারী/পুরুষ) নিয়োগের লক্ষ্যে আবেদন গ্রহণ (স্বামী-স্ত্রী একত্রে অগ্রাধিকার পাবেন)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং দক্ষিণ কোরিয়ায় ডামইয়াঙ্গুন কাউন্টির কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত সমঝোতা চুক্তি অনুযায়ী দক্ষিণ কোরিয়ায় ডামইয়াঙ্গুন কাউন্টিতে কৃষি খাতে মৌসুমী কর্মী নিয়োগ দেয়া হবে।

সমঝোতা অনুযায়ী বাংলাদেশের অধিবাসী কৃষি কাজে নিয়োজিত জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তালিকাভুক্ত কৃষিজীবীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

আগ্রহী প্রার্থীদের আগামী ২০/০৪/২০২৬ তারিখ সকাল ১০টা থেকে বিকাল ৩:৩০টার মধ্যে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

চাহিদার সংখ্যা ২০০ জন, কিন্তু ৭০০ জন আবেদনকারী নির্বাচন সম্পন্ন করা হবে।

আবেদন প্রক্রিয়া

প্রাথমিক নিবন্ধনের ধাপসমূহ:

১. ব্যক্তিগত তথ্য ও পাসপোর্টের তথ্য সহ বায়োডাটা পূরণ।
২. মূল পাসপোর্ট।
৩. NID (জাতীয় পরিচয়পত্র) এর কপি।
৪. পুলিশ ক্লিয়ারেন্স (তিন মাসের মধ্যে ইস্যু করা)।
৫. জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসিয়াল কৃষি কাজের অভিজ্ঞতা সনদ (২ বছরের বেশি কৃষি কাজের অভিজ্ঞতা)।
৬. পাসপোর্ট সাইজ ছবি- ১০ কপি (35mm X 45mm)।
৭. পরিবারের সদস্যদের বিস্তারিত তথ্যনামা।

শূন্যপদ ও সুবিধা

সংখ্যা	পুরুষ	নারী	মেয়াদ	বেতন	মন্তব্য
২০০	১৪০	৬০	ন্যূনতম ৫ মাস, সর্বোচ্চ ৮ মাস	১০,০৩০ (প্রতি ঘণ্টায়)	ভিসা ধরণ: E-8

চাকরির শর্তাবলী

১. বৈধ পাসপোর্ট (কমপক্ষে ২ বছর মেয়াদ থাকতে হবে)।
২. বয়স ৩০-৩৯ বছর।
৩. গ্রুপ লিডারের ক্ষেত্রে কোরিয়ান ভাষায় দক্ষতা ও কৃষি খাতে ১ বছরের বেশি অভিজ্ঞতা।
৪. জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২ বছরের অফিসিয়াল অভিজ্ঞতা সনদ।
৫. নিয়োগকর্তার চাহিদা অনুযায়ী কাজ করতে হবে।
৬. মেয়াদ শেষে দেশে ফিরে আসতে হবে।
৭. পূর্বে কর্মরত মৌসুমী কর্মীরা অগ্রাধিকার পাবে।
৮. কালার ব্লাইন্ডনেস থাকা যাবে না।
৯. মাদকাসক্ত বা সিফিলিস আক্রান্ত হলে অযোগ্য বলে বিবেচিত হবে।
১০. অপরাধমূলক রেকর্ড থাকলে অযোগ্য বলে বিবেচিত হবে।
১১. ইতোপূর্বে দক্ষিণ কোরিয়ায় অবৈধ অবস্থানকারীরা অযোগ্য বলে বিবেচিত হবে।
১২. দেশত্যাগে নিষেধাজ্ঞা থাকলে অযোগ্য বলে বিবেচিত হবে।
১৩. যাতায়াত খরচ নিজে করে বহন করতে হবে।
১৪. নির্ধারিত মেডিক্যাল সেন্টার থেকে দক্ষিণ কোরিয়ার মৌসুমী কর্মীদের মেডিক্যাল চেক-আপের নির্দেশিকা অনুযায়ী মেডিক্যাল চেক-আপের সনদ সংগ্রহ করতে হবে।
১৫. ১ বছরের স্বাস্থ্য বীমা করতে হবে।
১৬. ফ্লাইটের পূর্বে ৭ দিনের কৃষি কাজের মৌসুমী কর্মীর কাজ সম্পর্কে ব্রিফিং ও প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।
১৭. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং দক্ষিণ কোরিয়ার ডামইয়াঙ্গুন কাউন্টির মধ্যে সম্পাদিত সমঝোতা চুক্তি অনুযায়ী, কর্মীরা প্রথমে ৮ মাস মৌসুমী কর্মী হিসেবে কাজ করবেন। এই সময়ে যারা কর্মদক্ষ, অনুগত এবং প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারবেন, তারা দেশে ফেরার সময় পুনরায় একই কাজে নিয়োগ পাওয়ার নিশ্চয়তা পত্র নিয়ে ফিরবেন।
দেশে ফেরার পর তাদের কমপক্ষে ৩ মাস অবস্থান করতে হবে। এরপর তারা পুনরায় একই কাজে যোগদানের সুযোগ পাবেন। এভাবে কর্মদক্ষ ও যোগ্য কর্মীরা সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত, রি-এন্ট্রি অনুমোদন সাপেক্ষে, বারবার দক্ষিণ কোরিয়ায় গিয়ে কাজ করতে পারবেন।
১৮. অন্যান্য সুবিধা কোরিয়ার শ্রম আইন অনুযায়ী।

বি: দ্র: প্রার্থীকে দক্ষিণ কোরিয়ায় কর্মকাল শেষে দেশে ফিরে আসবে মর্মে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প, প্রার্থীর ২ জন অভিভাবকের বা নিকট আত্মীয়ের স্বাক্ষরসহ প্রতি জন ৫,০০,০০০ টাকা হারে চেকের বিবরণসহ প্রত্যয়নপত্রের মাধ্যমে গ্যারান্টি লেটার প্রদান করতে হবে।

যোগাযোগ:

সোনার বাংলা কৃষি খামার, আরএল-০৮৯

৫৩/৩, ডি.আই.টি. এক্সটেনশন রোড, ২য় তলা, নয়াপল্টন, ঢাকা-১০০০।

Mobile: +880 1919 247826 , +880 1979 247826

WhatsApp: +880 1919 247826 , +880 1979 247826

E-mail: sonarbanglakk@yahoo.com

Web: www.sonarbanglakk.com

অভিভাবকের বিবরণ: অভিভাবক, পিতা-মাতা, ভাই-বোন বা নিকট আত্মীয় জামিনদার হিসেবে স্বাক্ষর করবেন। উক্ত স্বাক্ষরকারী জামিনদার দুজন প্রত্যেকে ৫ (পাঁচ) লক্ষ টাকা করে মোট ১০ (দশ) লক্ষ টাকা একাউন্ট পে চেক (MICR) "সোনার বাংলা কৃষি খামার" এর অনুকূলে হস্তান্তর করতে হবে। প্রাপ্ত চেক ও স্ট্যাম্প অক্ষত অবস্থায় সোনার বাংলা কৃষি খামার এর নিকট সংরক্ষণ থাকবে। শর্ত সাপেক্ষে বলা যেতে পারে যে, এই চেক ও স্ট্যাম্প শুধুমাত্র নিয়োগপ্রাপ্ত কর্মী নিয়োগ কর্তার অধীনে চাকরি না করার অপরাধ এবং চাকরির মেয়াদ শেষে দেশে ফিরে না এসে কোরিয়াতে অবৈধ অবস্থানকারীদের ক্ষেত্রে বিধি অনুযায়ী ব্যবহার করা হবে। স্বাভাবিক নিয়মে যথা চাকরির মেয়াদ শেষে দেশে প্রত্যাবর্তন সম্পন্ন হলে অক্ষত অবস্থায় চেক ফেরত পাওয়া যাবে। **উল্লেখ্য যে, চেক প্রদানকারী জামিনদারদের ব্যাংক হিসাবে নির্দিষ্ট অর্থ থাকা বাধ্যতামূলক নয়।**

আরো উল্লেখ্য যে, সকল আবেদনকারীর আবেদন চাকরির সাক্ষাৎকার ও চূড়ান্ত নির্বাচনের নিশ্চয়তা বহন করে না। চাকরির জন্য আপনাকে বর্ণিত শর্তাবলী পূরণ করতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত হলে চূড়ান্তভাবে নির্ধারিত সময়ে সোনার বাংলা কৃষি খামার এর সকল সার্ভিস চার্জ প্রদান করতে হবে। নির্ধারিত সার্ভিস চার্জের বাইরে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কোনো অর্থ দাবি করলে নির্দিষ্টায় তা প্রতারণা হিসেবে বিবেচিত হবে।

-----সোনার বাংলা কৃষি খামার কর্তৃপক্ষ।